দৈনিক সংবাদ

তারিখ ... 18 MAY 1993 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

ঢাকা ভার্সিটিতে খামখেয়ালী

# হলে এসে জানা গেল পরীক্ষা স্থগিত

।। হাফিজুর রহমান কার্জন ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের খামখেয়ালীর জন্য গতকাল সোমবার হাজার হাজার ডিগ্রী পরীক্ষার্থীকে ভোগান্তির শিকার হতে হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯২ সালের (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষার সমাজবিজ্ঞান বিষয়ের তৃতীয়পত্রের পরীক্ষা হবার

ভার্সিটি ঃ পৃঃ ১২ কঃ ৫

## ভার্সিটি ঃ খামখেয়ালী

( ১ম পৃষ্ঠার পর )

কথা ছিল গতকাল। কিন্তু পরীক্ষার্থীরা পরীক্ষার হলে গিয়ে জানতে পারেন পরীক্ষাটি অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে। সঙ্গে সঙ্গে বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা পরীক্ষার হল থেকে বেরিয়ে আসেন। তারা ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এ খামখেয়ালী সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে ঢাকা শহরের বিভিন্ন এলাকায় মিছিল বের করেন।

পরীক্ষার্থীরা জানান, এই পরীক্ষাটি হবার কথা ছিল গত ৬ই মে। কিন্তু ঐদিন বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষে সরকারী ছুটি থাকায় পরীক্ষা স্থগিত করা হয়। পরীক্ষার পরবর্তী তারিখ নির্ধারণ করা হয় গতকাল ১৭ই মে। কিন্তু গতকাল তারা পরীক্ষার হলে গিয়ে জানতে পারেন পরীক্ষাটি অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে। পরীক্ষা স্থগিতের কারণ সম্পর্কে পরীক্ষার্থীদের জানানো হয়, গত ৬ই মে ভান্ডারিয়া সরকারী কলেজ কর্তৃপক্ষ সমাজবিজ্ঞান বিষয়ের তৃতীয়পত্রের পরীক্ষা নিয়ে নেয়। ফলে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকালের পরীক্ষা স্থগিত করতে বাধ্য হয়।

পরীক্ষার্থীরা এ ব্যাপারে প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন, ৬ই মে ভান্ডারিয়া সরকারী কলেজে পরীক্ষা হয়েছে। এ তথ্যটি জানতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কতদিন সময় দরকার হয়? তারা কি এ তথ্যটি জেনে আগেভাগে পরীক্ষা স্থগিতের তারিখ জানিয়ে দিতে পারতেন না? অথচ কর্তৃপক্ষের এ ধরনের খামখেয়ালীর জন্য মাশুল দিতে হল হাজার হাজার ডিগ্রী পরীক্ষার্থীকে।

### সমাজবিজ্ঞান তৃতীয়পত্রের পরীক্ষা ৮ই জুন

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯২ সালের (ডিগ্রী ও সাবসিডিয়ারী) পরীক্ষার সমাজবিজ্ঞান বিষয়ের তৃতীয়পত্রের পরীক্ষা আগামী ৮ই জুন অনুষ্ঠিত হবে।